# কুলাউড়া পৌরসভা কার্যালয়

কুলাউড়া, মৌলভীবাজার।

স্মারক নং- ৪৬.০৩.৫৮৬৫.১১০.০০.০৩৪.২৫- ১৪১৯ তারিখঃ ০৪/১২/২০২৫ইং

## "নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুলাউড়া পৌরসভার পরিত্যক্ত পাবলিক টয়লেটটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় নিলামে বিক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার ০৩/১২/২০২৫খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৯.২২-৮৮৯ স্মারকমূলে প্রাক্কলিত মূল্য ৭০,৪২৫.৮৮/- (সত্তর হাজার চারশত পঁচিশ টাকা আটাশি পয়সা) টাকা প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত হওয়ায় আগামী ০৮/১২/২০২৫খ্রি. তারিখ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিগণকে নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম ডাকে অংশগ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

১. নিলাম কমিটির সম্মুখে নিলাম অনুষ্ঠিত হবে।
২. নিলামের জন্য নির্ধারিত পাবলিক টয়লেট সরেজমিনে পরিদর্শনপূর্বক নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। ডাক পরবর্তী কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৩. ডাককারীকে নির্ধারিত সময়ের ১ (এক) ঘন্টা পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে অংশগ্রহণের জন্য জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা পে-অর্ডারের (ফেরতযোগ্য) মাধ্যমে জমা প্রদান করে নাম-ঠিকানা অন্তর্ভুক্ত করতে হবে।
৪. ডাকে অংশগ্রহনকারী সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। ডাকের সমুদয় অর্থ নিলাম অনুষ্ঠিত হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে কুলাউড়া পৌরসভার রাজস্ব তহবিলে জমা প্রদান করতে হবে।
৫. সর্বোচ্চ নিলাম ডাককারী হিসেবে বিবেচিত ডাককারীকে ক্রয়কৃত পুরাতন ভবনের মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধারিত কোডে একই দিন জমা প্রদান করতে হবে।
৬. কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্ধারিত তারিখের মধ্যে অবকাঠামো অপসারণসহ মালামাল সরিয়ে নিতে হবে এবং অপসারণের সময় অবকাঠামোর স্থানটি সমান ও ব্যবহার উপযোগী করে দিতে হবে। অন্যথায় নিলাম মূল্য বাজেয়াপ্ত করণসহ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
৭. ডাকে অংশগ্রহণকারীগণ বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
৮. উপরোক্ত শর্তাবলীতে উল্লেখ নেই অথচ আইন দ্বারা সিদ্ধ এমন শর্তাবলী নিলামকারী মেনে চলতে বাধ্য থাকবেন।
৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪.১২.২৫

(মোঃ মহিউদ্দিন)
প্রশাসক
পৌরসভা কুলাউড়া।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ, পৌর- ১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার
৪. উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার।
৫. অফিসার ইনচার্জ, কুলাউড়া থানা। ধার্য্য তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ।
৬. সভাপতি/সম্পাদক.......................................কুলাউড়া।
৭. অফিস নথি।